# নিজের সঙ্গে কথাবার্তা

১.
নিজেকে গোপন কর হে প্রার্থিত ডানা
রক্তের ভিতর আনো হিম, জমাট বরফ
কান্নার গোপন নদী-- সে তো জমায়িত মেঘ
তাকে ওড়াও মহাশূন্যে--
উড়িয়েছে? খুব ভালো-- এতে ভালো হল খুব
হলে তুমি আপেল মাংসের মতো রক্তহীন শাদা
ভালো হলো এতে খুব...
২.
বিস্তৃত অরণ্য চেনো তুমি, তুমি জানো সবুজ বাগান
নক্ষত্র দূরাগত বলে- চাঁদের বাগান বড়ো চন্দ্রিমা বলে
যে তুমি প্লাবিত-- মৃত্তিকার গন্ধে মাতাল যে তুমি
পান করো শরীর শরাব-- আর জানো হৃদয় বলে
আছে এক রক্তাভ মন্দির...
তবু কেন গাও আত্মবিনাশের গান!
আত্মবিনাশের আগে তুমি তো জেনেছো আছে এক
অবিনাশী ফেরা
বার বার... ফিরে ফিরে আসা।
৩.
তুমি তো করেছো পান আকণ্ঠ জীবনমদ
ছিঁড়েছো অর্গল এক মাতৃজরায়ুর...
বেদনার্ত হে পাখি, নীলকণ্ঠ হও
উড়ে চলো নীল নীল নীলিমায়
অতঃপর নেমে ও সো ধীরে
মৃত্তিকার গন্ধ-গন্ধহীন শুষ্ক-জলময়
ঘরে
করো পান অপার সাগর, সবুজ
পান করো উষ্ণ- হিম
তারপর উড়ে চলো
ফিরে ফিরে আসো।

সৈকত হাবিব


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com